# অধ্যায়-০১: অব্যবসায়ী প্রতিষ্ঠানের হিসাব

১। নিম্নোক্ত তথ্যাবলি দীপা ক্লাবের হিসাবের বই থেকে ৩১-১২-২০১৭ তারিখে নেওয়া হয়েছে: [ঢা.বো. য.বো. সি.বো. দি.বো. ২০১৮]

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক নগদ তহবিল | ১০,০০০ |
| চাঁদা প্রাপ্তি | ৩৭,৫০০ |
| বেতন প্রদান | ৪৫,০০০ |
| ছাপা ও মনিহারি | ৭,২৫০ |
| অনুদান | ৫০,০০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | ২,৭৫০ |
| প্রাঙ্গন রক্ষণাবেক্ষণ | ১২,৫০০ |
| উইলকৃত ধনদৌলত | ৪২,৫০০ |
| আসবাবপত্র ক্রয় | ৪০,০০০ |
| আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে। | |

করণীয়:
ক. মুনাফাজাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় কর।
খ. মুনাফাজাতীয় খরচের পরিমাণ কত?
গ. ৩১-১২-২০১৭ তারিখে দীপা ক্লাবের নগদ তহবিলে পরিমাণ নির্ণয় কর।
উত্তর:
(ক) মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ ৪০,২৫০ টাকা; (খ) মুনাফা জাতীয় খরচের পরিমাণ ৬৮,৭৫০ টাকা; (গ) ৩১.১২.২০১৭ তারিখের নগদ তহবিল ৩৮,০০০ টাকা।

২। রয়েল ক্লাবের ২০১৭ সালের ৩১শে ডিসেম্বর তারিখে প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেওয়া হলোঃ [রা.বো. কু.বো. চ.বো. ব.বো. ২০১৮]

রয়েল ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত (১-১-১৭) | ১২,৫০০ | মজুরি | ১৩,০০০ |
| চাঁদা | ৫৫,০০০ | ভাড়া | ১৮,০০০ |
| খেলাধুলা বাবদ ফি | ১৬,০০০ | বেতন | ৩৬,০০০ |
| আপ্যায়ন থেকে মুনাফা | ২,৮০০ | স্টেশনারি | ৪,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | বিনিয়োগ | ৫,০০০ |
| অনুদান (৪০% মুনাফা জাতীয়) | ৪০,০০০ | আসবাবপত্র (৩০-৬-১৭) | ২৫,০০০ |
| আজীবন সদস্যের চাঁদা | ১০,০০০ | মেরামত | ২,০০০ |
| | | বিবিধ খরচ | ৩,৫০০ |
| | | খেলার সরঞ্জাম | ৭,৫০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-২০১৭) | ২৩,৮০০ |
| | ১,৩৭,৮০০ | | ১,৩৭,৮০০ |

২০১৭ সালের ১ জানুয়ারি ক্লাবের সম্পদ ছিল:
বিনিয়োগ ৩০,০০০ টাকা, আসবাবপত্র ৩৮,০০০ টাকা, খেলার সরঞ্জাম ১২,০০০ টাকা, দালানকোঠা ৬০,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি:
১) প্রাপ্ত চাঁদার মধ্যে ২,৭৫০ টাকা বিগত বছরের; ৩,৫০০ টাকা পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদার ৪,০০০ টাকা অনাদায়ী রয়েছে।
২) প্রদত্ত বেতনের ৬,৩০০ টাকা বিগত বছরের; চলতি বছরের বকেয়া ২,৭০০ টাকা।
৩) আসবাবপত্রের অবচয় ১০%।
৪) স্টেশনারি অব্যবহৃত রয়েছে ৫০০ টাকার।

করণীয়:
ক. চলতি বছরের চাঁদা আয়ের পরিমাণ গণনাসহ নির্ণয় কর।
খ. ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।
গ. প্রারম্ভিক মূলধন তহবিল ১,৪৮,৯৫০ টাকা ধরে ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বর্তপত্র তৈরি কর।
উত্তর:
(ক) চলতি বছরের চাঁদা আয় ৫২,৭৫০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ১১,৬০০ টাকা; (গ) উদ্বর্তপত্রের যোগফল ২,০০,৭৫০ টাকা।

৩। মিরসরাই সমতা সংঘ এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হলো; [ঢা.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল | ১,৫০০ | বেতন ও সম্মানি | ২৫,০০০ |
| চাঁদা ২০১৫<br>২০১৬<br>২০১৭ | ১,০০০<br>৮৪,০০০<br>২,৭০০ | ১০% বিনিয়োগ (১-৪-২০১৬)<br>ছাপা ও মনিহারী | ২৫,০০০<br>৬,৭৪০ |
| প্রবেশ ফি | ৩,২৫০ | খেলাধুলার সরঞ্জাম ক্রয় | ১০,০০০ |
| | | মেরামত ও নবায়ন খরচ | ৭,৫৩০ |
| | | ছাত্রবৃত্তি প্রদান | ১২,৫০০ |
| | | সমাপনী নগদ তহবিল ও ব্যাংক জমা | ৫,৬৮০ |
| | ৯২,৪৫০ | | ৯২,৪৫০ |

<u>সমন্বয় ও অন্যান্য তথ্যাবলি</u> ঃ- (১) ছাপা ও মনিহারী খরচ ৪,০০০ টাকা বিগত বছরের এবং চলতি বছরের ছাপা বাবদ ২,৫০০ টাকা এখনও বকেয়া রয়েছে।
(২) ক্লাবের মোট সদস্য সংখ্যা ৮৫০ জন, প্রত্যেকের বার্ষিক চাঁদার হার ১০০ টাকা।

<u>করণীয়</u> ঃ-
(ক) ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মূলধনের পরিমাণ নির্ণয় কর।
(খ) মিরসরাই সমতা সংঘের ২০১৬ সালের আয়-ব্যয় হিসাব তৈরি কর।
(গ) উক্ত সংঘের ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত কর।

উত্তর:
(ক) ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে মূলধনের পরিমাণ ১,৫০০ টাকা (ডেবিট); (খ) আয়ের উদ্বৃত্ত ৩৯,৮৫৫ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৩,৫৫৫ টাকা।

৪। উজালা সংঘের ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান বিবরণী নিম্নরূপ; [রা.বো. ২০১৭]

| হিসাবের নাম | টাকা | টাকা |
|---|---|---|
| জের: | | |
| নগদ | ১০,০০০ | |
| ব্যাংক জমা | ১৫,০০০ | ২৫,০০০ |
| যোগ : প্রাপ্তিসমূহ : | | |
| চাঁদা | ৪০,০০০ | |
| বৃত্তি তহবিলে প্রাপ্তি | ৩০,০০০ | |
| উইলকৃত সম্পদ | ১০,০০০ | ৮০,০০০ |
| মোট প্রাপ্তি : | | ১,০৫,০০০ |
| বাদ: প্রদানসমূহ | | |
| ছাপা খরচ | ৯,০০০ | |
| বেতন প্রদান | ২০,০০০ | |
| মেরামত খরচ | ৬,০০০ | |
| বিলিয়ার্ড টেবিল ক্রয় (০১-১০-২০১৬) | ২০,০০০ | |
| বৃত্তি প্রদান | ৭,০০০ | |
| মোট প্রদান : | | ৬২,০০০ |
| জের : | | |
| নগদ | ১৩,০০০ | |
| ব্যাংক জমা | ৩০,০০০ | ৪৩,০০০ |

২০১৬ সালের ১ জানুয়ারিতে বিলিয়ার্ড টেবিল ২০,০০০ টাকা, আসবাবপত্র ২৫,০০০ টাকা, বৃত্তি তহবিল ১৬,০০০ টাকা, অনাদায়ী চাঁদা ২,০০০ টাকা।
<u>অন্যান্য তথ্যাবলি</u> ঃ- স্থায়ী সম্পত্তির উপর ৫% হারে অবচয়ের ব্যবস্থা করতে হবে।

<u>করণীয়</u> ঃ-
(ক) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে বৃত্তি তহবিলের জের নির্ণয় কর।

(খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(গ) ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।
উত্তর:
(ক) সমাপনী বৃত্তি তহবিল ৩৯,০০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমাণ ৫৬,০০০ টাকা; (গ) আয় উদ্বৃত্ত ৫০০ টাকা।

৫। রূপালী ক্লাবের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি-প্রদান হিসাব ছিল নিম্নরূপ; [চ.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৫) | ৩০,০০০ | বেতন | ২০,৫৫০ |
| চাঁদা প্রাপ্তি | | মনিহারি | ২,৭৫০ |
| ২০১৪ ৪০০ | | টেলিফোন খরচ | ১,০০০ |
| ২০১৫ ২১১০০ | | বৈদ্যুতিক | ৬,৫০০ |
| ২০১৬ ৯০০ | ২২,৩০০ | সংস্থাপন ব্যয় | |
| বিনিয়োগের সুদ | ৫,০০০ | ৪% বিনিয়োগ | ১০,০০০ |
| অনুদান প্রাপ্তি | ১৯,০০০ | (১-৭-১৫) | |
| চরণ কর | ১৫,০০০ | আসবাবপত্র ক্রয় | ২০,০০০ |
| আপ্যায়ন | ১৫,৭৫০ | অন্যান্য খরচ | ৭,৫০০ |
| হতে মুনাফা | | উদ্বৃত্ত (৩১-১২-১৫) | ৩৮,৭৫০ |
| | ১,০৭,০৫০ | | ১,০৭,০৫০ |

সমন্বয় সমূহ ঃ- (১) ক্লাবের ২৫৫ জন সদস্য প্রত্যেকে বার্ষিক ১০০ টাকা হারে চাঁদা প্রদান করে। ১-১-১৫ তারিখে অগ্রিম চাঁদার পরিমাণ ছিল ৮০০ টাকা।
(২) ৩১-১২-২০১৪ তারিখে ৭০০ টাকা এবং ৩১-১২-২০১৫ তারিখে ১,৭০০ টাকা মনিহারি উদ্বৃত্ত ছিল।
(৩) বিগত বছরের অন্যান্য খরচ চলতি বছরে পরিশোধ করা হয়েছে ১,২০০ টাকা।
(৪) ১-১-২০১৫ তারিখে ৪% বিনিয়োগ ১,৪০,০০০ টাকা এবং দালানকোঠা ১,১০,০০০ টাকা ছিল। দালানকোঠার উপর ৫% অবচয় ধার্য করতে হবে।
(৫) অনুদানের ৫০% মুনাফাজাতীয় প্রাপ্তি হিসেবে ধরতে হবে।
করণীয় ঃ- (ক) ১-১-২০১৫ তারিখে ক্লাবটির মূলধন তহবিলের পরিমাণ নির্ণয় কর।
(খ) ৩১-১২-২০১৫ তারিখে ক্লাবের আয়-ব্যয় হিসাবের আয় পার্শ্বের সমষ্টি নির্ণয় কর।
(গ) ৩১-১২-২০১৫ তারিখে ক্লাবের মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর।
উত্তর: (ক) মূলধন তহবিল (০১-০১-২০১৫) ২,৭৯,১০০ টাকা; (খ) মোট আয়ের পরিমাণ ৬৮,৫৫০ টাকা; (গ) মোট সম্পদের পরিমাণ ৩,২২,৯৫০ টাকা।

৬। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য তরুণ সংঘের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [কু.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৬) | ২০,০০০ | মজুরি | ৬,০০০ |
| প্রবেশ ফি | ১২,৫০০ | বেতন | ৮,০০০ |
| চাঁদা | ২০,০০০ | ভাড়া | ৩,০০০ |
| আপ্যায়ন থেকে মুনাফা | ১,০০০ | মেরামত | ২,০০০ |
| | | বিবিধ খরচ | ১,০০০ |
| খবরের কাগজ বিক্রয় | ৩,৫০০ | আসবাবপত্র | ২০,০০০ |
| | | উদ্বৃত্ত | ১৮,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,০০০ | (৩১-১২-১৬) | |
| | ৫৮,০০০ | | ৫৮,০০০ |

২০১৬ সালের ১ জানুয়ারি সংঘের সম্পদ ছিল; বিনিয়োগ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ২০,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) প্রাপ্ত চাঁদার ২৫% বিগত বছরের এবং ২৫% পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদা এখনও ১০,০০০ টাকা অনাদায়ী আছে।
(২) প্রারম্ভিক আসবাবপত্রের উপর ১০% অবচয় এবং বিনিয়োগের উপর ১০% সুদ ধরতে হবে।
(৩) প্রবেশ ফি ১০,০০০ টাকা পর্যন্ত মূলধন জাতীয় এবং অবশিষ্ট ২,৫০০ টাকা মুনাফা জাতীয় আয় বলে গণ্য করতে হবে।
করণীয় ঃ- (ক) চলতি বছরের চাঁদার পরিমাণ নির্ণয় কর।
(খ) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর।
(গ) কারবারে ব্যয়াতিরিক্ত আয় অথবা আয়তিরিক্ত ব্যয় নির্ণয় কর।
উত্তর: (ক) চলতি বছরের চাঁদার পরিমাণ ২০,০০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধনের পরিমাণ ১,২৫,০০০ টাকা; (গ) ব্যয়াতিরিক্ত আয় ৯,০০০ টাকা।

৭। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে মিতালী ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেয়া হল; [সি.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| হাতে নগদ (১-১-১৫) | ৬,০০০ | বেতন | ৬,০০০ |
| | | ভাড়া | ৪,১০০ |
| চাঁদা | ৯,০০০ | ছাপা ও মনিহারি | ১,৩০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | ৩,২০০ | টেলিফোন চার্জ | ১৬৫ |
| | | আসবাবাপত্র | ৮,০০০ |
| ভর্তি ফিস | ৪,০০০ | হাতে নগদ (৩১-১২-১৫) | ৯,৬৩৫ |
| বিবিধ আয় | ৭,০০০ | | |
| | ২৯,২০০ | | ২৯,২০০ |

১ জানুয়ারি ২০১৫ তারিখে ক্লাবের সম্পদসমূহ নিম্নরূপ; আসবাবপত্র ৩০,০০০ টাকা, দালান-কোঠা ৯০,০০০ টাকা এবং খেলাধুলার সরঞ্জাম ৫০,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) মোট প্রাপ্ত চাঁদার ২,০০০ টাকা ২০১৪ সালের, ১,০০০ টাকা ২০১৬ সালের এবং চলতি বছরের অনাদায়ী চাঁদা ৪,০০০ টাকা।
(২) ২০১৪ সালের ভাড়া ১,০০০ টাকা চলতি বছরে পরিশোধ।

করণীয় ঃ- (ক) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(খ) আয়-ব্যয় হিসাব তৈরি কর।
(গ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের উর্দ্বতপত্র তৈরি কর।

উত্তর: (ক) প্রারম্ভিক মূলধন তহবিল ১,৭৭,০০০ টাকা; (খ) আয়ের উদ্বৃত্ত ১৩,৬৩৫ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৯১,৬৩৫ টাকা।

৮। নব জাগরণ ক্লাবের ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে প্রস্তুতকৃত প্রাপ্তি ও প্রদান হিসাব এবং অন্যান্য তথ্যাবলি নিম্নে সন্নিবেশিত হলো; [ব.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ তহবিল | ১০,০০০ | বেতন ও ভাতাদি | ৩৬,০০০ |
| অনুদান | ২০,০০০ | বৈদ্যুতিক খরচ | ৮,০০০ |
| চাঁদা (৮০%) | ৮০,০০০ | বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় | ৪৫,০০০ |
| খাদ্য দ্রব্য ও পানীয় বিক্রয় | ৬০,০০০ | ভাড়া ব্যয় (৪/৫ অংশ) | ২০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় (০১-০১-২০১৬ তারিখে পুস্তক মূল্য ৪,৫০০) | ৫,০০০ | আসবাবপত্র ক্রয় | ২০,০০০ |
| | | প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দান | ২০,০০০ |
| | | খাদ্য দ্রব্য ও পানীয় ক্রয় | ৪০,০০০ |
| বিচিত্রানুষ্ঠানিক টিকিট বিক্রয় | ৪০,০০০ | বিচিত্রানুষ্ঠানের ব্যয় | ১৮,০০০ |
| | | সমাপনী নগদ তহবিল | ৮,০০০ |
| | ২,১৫,০০০ | | ২,১৫,০০০ |

সমন্বয় সমূহ ঃ- (১) ১ জানুয়ারি ২০১৬ তারিখে ক্লাবের দায় ও সম্পত্তিসমূহ ছিল: দালান ২,৪০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, দারিদ্র কল্যাণ তহবিল ৩০,০০০ টাকা।
(২) খাদ্য দ্রব্য ও পানীয় মজুদ ছিল ৩১-১২-২০১৫ তারিখে ৮,০০০ টাকা এবং ৩১-১২-২০১৬ তারিখে ১৫,০০০ টাকা, খাদ্য দ্রব্য বাবদ ৫,০০০ টাকা এখনো অপরিশোধিত রয়েছে।
(৩) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর। পুরাতন আসবাবপত্র বিক্রয় এবং নতুন আসবাবপত্র ক্রয় ০১-০৭-২০১৬ তারিখে সম্পন্ন হয়।
(৪) ব্যয়াতিরিক্ত আয়ের অর্ধাংশ দরিদ্র কল্যাণ তহবিলে স্থানান্তর কর।

করণীয় ঃ- (ক) খাদ্য দ্রব্য ও পানীয় বাবদ চলতি বৎসরের মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
(খ) ডিসেম্বর ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত বৎসরের জন্য ক্লাবের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।
(গ) বছর শেষে ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর: (ক) খাদ্যসামগ্রী ও পানীয় বাবদ মুনাফা ২২,০০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ৬৯,৯৫০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৮৭,৯৫০ টাকা।

৯। চারঘাট যুব সংঘের ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত প্রাপ্তি ও নগদ হিসাব নিম্নে প্রদত্ত হল; [দি.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক উদ্বৃত্ত | | বেতন | ১২,০০০ |
| নগদ ও ব্যাংক | ৪১,০০০ | ছাপা ও মনিহারী | ৩,৫০০ |
| চাঁদা | | সাধারণ খরচাবলি | ৮,৮০০ |
| ২০১৫ | ৪,০০০ | টেলিফোন খরচ | ১,৪০০ |
| ২০১৬ | ৩৮,৫০০ | আসবাবপত্র ক্রয় | ২০,০০০ |
| ২০১৭ | ৫,০০০ | (১-০৭-১৬) | |
| অনুদান | ২০,০০০ | দান খয়রাত | ৩০,০০০ |
| উইলকৃত সম্পদ | ৩৫,০০০ | ভাড়া (৩/৪ | ২৪,০০০ |

| | | | |
|---|---|---|---|
| বিনিয়োগের সুদ | ৫,০০০ | অংশ প্রদত্ত) | |
| পুরাতন কাগজ বিক্রি | ১,০০০ | সমাপনী উদ্বৃত্ত<br>নগদ ও ব্যাংক জমা | ৪৯,৮০০ |
| | | | |
| | ১,৪৯,৫০০ | | ১,৪৯,৫০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ১ জানুয়ারি ২০১৬ তারিখে ক্লাবের দালান কোঠা ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ১০% বিনিয়োগ পরিমাণ ছিল ৮০,০০০ টাকা।
(২) বিগত বছরের বকেয়া বেতন ২,৫০০ টাকা চলিত বছরে পরিশোধ করা হয়েছে। পক্ষান্তরে চলতি বছরে বেতন বাবদ ৪,০০০ টাকা অপরিশোধিত রয়েছে।
(৩) ছাপা ও মনিহারী খরচ বাবদ ৫০০ টাকা বকেয়া আছে। কিন্তু সাধারণ খরচাবলি বাবদ ৮০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে।
(৪) অত্র ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪০০ জন এবং চাঁদা প্রদানের হার জনপ্রতি মাসিক ১০০ টাকা।
(৫) দালান কোঠার ৫% এবং আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য কর।
করণীয় ঃ- (ক) প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর।
(খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে ক্লাবের আয়-ব্যয় হিসাব প্রস্তুত করলে মোট ব্যয়ের পরিমাণ কত?
(গ) ২০১৬ সালে ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মোট সম্পদের পরিমাণ কত?
উত্তর: (ক) প্রারম্ভিক মূলধন ২,৯২,৫০০ টাকা; (খ) মোট ব্যয়ের পরিমাণ ৯৯,৪০০ টাকা; (গ) মোট সম্পদের পরিমাণ ৩,১৪,৬০০ টাকা।

১০। শারমিন নার্সিং হোম এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [য.বো. ২০১৭]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত | ৬০,৪৫০ | ঔষধ ক্রয় | ১,০০,০০০ |
| ঔষধ বিক্রয় | ১,০৯,০০০ | বেতন | ২,১৯,০০০ |
| কেন্টিন হতে আয় | ১৬,৮০০ | রোগীর খাদ্য সামগ্রী ক্রয় | ৪২,১০০ |
| খামার হতে আয় | ১,৩৬,০০০ | | |
| অনুদান | ১,২০,০০০ | মেরামত খরচ | ১৮,৯০০ |
| বিনিয়োগের সুদ | ৮০,০০০ | কেন্টিনের খাদ্য ক্রয় | ৩৪,০০০ |
| ভাড়া প্রাপ্তি | ২,২০,০০০ | | |
| | | খামার খরচ | ৫০,০০০ |
| | | আসবাবপত্র ক্রয় (১-৪-১৬) | ২০,০০০ |
| | | | |
| | | চিকিৎসা যন্ত্রপাতি ক্রয় (১-৬-১৬) | ৪০,০০০ |
| | | | |
| | | নগদ উদ্বৃত্ত | ২,১৮,২৫০ |
| | ৭,৪২,২৫০ | | ৭,৪২,২৫০ |

২০১৬ সালের ১লা জানুয়ারি নার্সিং হোমের সম্পত্তি ছিল; চিকিৎসা যন্ত্রপাতি ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,২০,০০০ টাকা, জমি ও দালান কোঠা ৬,০০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৫,০০,০০০ টাকা, মণিহারি ১০,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ঔষধের প্রারম্ভিক ও সমাপনি উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১০,০০০ টাকা ও ১৫,০০০ টাকা।
(২) প্রাপ্ত ভাড়ার মধ্যে বিগত সালের ভাড়া রয়েছে ২,০০০ টাকা পক্ষান্তরে চলতি সালের ভাড়া বকেয়া রয়েছে ৩,০০০ টাকা।
(৩) অনুদানের ৭৫% মুনাফা জাতীয়।
(৪) চিকিৎসা যন্ত্রপাতি ও আসবাবপত্রের উপর অবচয় ধার্য্য করতে হবে যথাক্রমে ১০% ও ১৫%।
করণীয় ঃ-
(ক) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(খ) ২০১৬ সালের সমাপ্ত বছরের আয় ব্যয় হিসাবে মোট ব্যয়ের পরিমাণ কত?
(গ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।
উত্তর:
(ক) প্রারম্ভিক মূলধন তহবিল ১৫,০২,৪৫০ টাকা; (খ) মোট ব্যয় ৫,১১,৫৮৩ টাকা; (গ) মোট সম্পদ ১৬,৭৩,৬৬৭ টাকা।

১১। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য প্রস্তুত মোহনা ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিচে প্রদত্ত হলো; [ঢা.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৫) | ২০,০০০ | বেতন | ১০,০০০ |
| চাঁদা ঃ | | ভাড়া | ৮,৫০০ |
| ২০১৪ ২,০০০<br>২০১৫ ২৮৫০০ | | আসবাবপত্র ক্রয় | ২,০০০ |
| ২০১৬ ১,৫০০ | ৩২,০০০ | মনিহারি | ৬,৫০০ |
| লকার ভাড়া | ২,০০০ | উদ্বৃত্ত<br>(৩১-১২-১৫) | ৪২,০০০ |
| অনুদান | ১৫,০০০ | | |

| | | | |
|---|---|---|---|
| | ৬৯,০০০ | | ৬৯,০০০ |

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ নিম্নরূপ ছিল; খেলাধুলার সরঞ্জাম ৪০,০০০ টাকা; আসবাবপত্র ৪৮,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ক্লাবের মোট সদস্য সংখ্যা ৩০০ জন। বার্ষিক চাঁদার হার জন প্রতি ১০০ টাকা।
(২) লকার ভাড়া ২,০০০ টাকা এখনও বকেয়া রয়েছে।
(৩) প্রাপ্ত অনুদানের ২/৩ অংশ দিয়ে একটি দরিদ্র তহবিল এবং অবশিষ্ট অংশ মুনাফা জাতীয় আয় হিসাবে গণ্য করতে হবে।
(৪) খেলাধোলার সরঞ্জাম এবং আসবাবপত্রের (সমাপনী জের) ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।
করণীয় ঃ-
(ক) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(খ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।
(গ) উক্ত তারিখে আর্থিক অবস্থায় বিবরণী প্রস্তুত কর।
উত্তর:
(ক) প্রারম্ভিক মূলধন তহবিল ১,১০,০০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ৫,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,২৬,৫০০ টাকা।

১২। দিশারী যুব সংঘের ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও পরিশোধ হিসাব নিম্নরূপ; [রা.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ ও ব্যাংক জমা | ৫৬,০০০ | সম্মানী ও ভাতা | ৩৭,৪০০ |
| | | মেরামত খরচ | ১০,০০০ |
| চাঁদা প্রাপ্তি | ৭৬,০০০ | ডাক ও তার | ১২,০০০ |
| ভর্তি ফি | ২১,৪০০ | পুস্তক ক্রয় | ৩০,০০০ |
| অনুদান | ৫০,০০০ | আসবাবপত্র (১-৭-১৫) | ৫০,০০০ |
| বিনিয়োগের সুদ | ২৪,০০০ | | |
| | | পুরাতন আসবাবপত্র বিক্রয় (বহিঃমূল্য ৫,০০০ টাকা) | ৬,০০০ |
| | | হাতে নগদ ও ব্যাংক জমা | ৮২,০০০ |
| | ২,২৭,৪০০ | | ২,২৭,৪০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৫ সালের ১ জানুয়ারী উক্ত প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়সমূহ ছিল; জমি ও দালান ৩,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫৫,০০০ টাকা, ১৫% বিনিয়োগ ২,০০,০০০ টাকা, অগ্রিম প্রাপ্ত চাঁদা ২,৪০০ টাকা।
(২) বিগত বছরের বকেয়া চাঁদা ৪,০০০ টাকা এবং পরবর্তী বছরের অগ্রিম চাঁদা ৬,০০০ টাকা প্রাপ্ত চাঁদার অন্তর্ভূক্ত আছে। পক্ষান্তরে চলতি বছরের চাঁদা ৮,২০০ টাকা একখনও অনাদায়ি রয়েছে।
(৩) সম্মানী ও ভাতা বিগত বছরের ২,০০০ টাকা চলতি বছর পরিশোধ করা হয়। চলতি বছরের ভাতা ৩,০০০ টাকা অপ্রদত্ত রয়েছে।
(৪) আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্তের ওপর ১০% অবচয় ধার্য কর।
(৫) অনুদানের অর্ধাংশ ও ভর্তি ফি এক-তৃতীয়াংশ মূলধনজাতীয় প্রাপ্তি বিবেচনা করতে হবে।
করণীয় ঃ- (ক) ২০১৫ সালে চাঁদা বাবদ আয় কত তা নির্ণয় কর।
(খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(গ) দিশারী যুব সংঘের ৩১-১২-২০১৫ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।
উত্তর: (ক) চাঁদা বাবদ আয় ৭৬,৬০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমাণ ৬,৬০,৬০০ টাকা; (গ) প্রাপ্তি ও প্রদান হিসাবে আসবাবপত্র বিক্রয় প্রদান পাশে অন্তর্ভুক্ত করা একটি নীতিগত ভুল বিধায় প্রকৃত ফলাফল নিরূপন করা সম্ভব হলো না।

১৩। গুলশান ক্লাব এর প্রাপ্তি ও প্রদান সমূহ নিম্নে দেয়া হল; [চ.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | পরিশোধ সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-২০১৫) নগদ ৪,৫০০ ব্যাংক ৫,৫০০ | ১০,০০০ | বেতন ও ভাতা | ২৮,০০০ |
| | | অফিস খরচ | ১৫,০০০ |
| | | উপযোগ খরচ | ৭,৫০০ |
| | | রক্ষণাবেক্ষণ খরচ | ৪,৫০০ |
| চাঁদা ঃ | | | |

| | | | |
|---|---|---|---|
| ২০১৪ ৩,০০০<br>২০১৫ ৪৫০০০<br>২০১৬ ২,০০০ | ৫০,০০০ | ভোগ্যপণ্য ক্রয় | ১২,০০০ |
| | | ১০% বিনিয়োগ (১-৭-২০১৫) | ১৮,০০০ |
| অনুদান(৫০% মুনাফাজাতীয়) | ২০,০০০ | উদ্বৃত্ত (৩১-১২-১৫)<br>নগদ ৬,৮০০<br>ব্যাংক ৮,২০০ | ১৫,০০০ |
| লকার ভাড়া | ৫,০০০ | | |
| ভোগ্য পণ্য বিক্রয় | ১৫,০০০ | | |
| | ১,০০,০০০ | | ১,০০,০০০ |

১ জানুয়ারি ২০১৫ তারিখে সম্পত্তি সমূহ ছিল ঃ ক্লাব প্রাঙ্গণ ১,২০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা এবং ভোগপণ্য ২,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ৩১-১২-২০১৫ তারিখে ভোগ্য পণ্যের মজুত ছিল ২,৫০০ টাকা।
(২) ক্লাবের সদস্য সংখ্যা ৫০০ জন এবং তাহারা প্রত্যেকে বার্ষিক ১০০ টাকা করে চাঁদা প্রদান করে।
(৩) অফিস খরচ বকেয়া আছে ১,০০০ টাকা, ভোগ্যপণ্য ধারে ক্রয় করা হয়েছে ৫০০ টাকা।
(৪) ১-১-২০১৫ তারিখে চাঁদা বকেয়া ছিল ৪,৫০০ টাকা।
করণীয় ঃ- (ক) ভোগ্যপণ্য হতে আয়ের পরিমাণ নির্ণয় কর।
(খ) আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।
(গ) মূলধন তহবিল নির্ণয় কর।
উত্তর: (ক) ভোগ্য পণ্য হতে আয় ৩,০০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ১২,৯০০ টাকা; (গ) মূলধন তহবিলের পরিমাণ ১,৫৬,৫০০ টাকা।

১৪। আগমনী ক্লাবের হিসাবের বইয়ের তথ্যাবলি থেকে নিচের প্রাপ্তি ও প্রদান হিসাব প্রস্তুত করা হয়েছে; [কু.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | ডেবিট টাকা | প্রদান সমূহ | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক নগদ তহবিল | | বেতন, ভাতা ও সম্মানী | ২০,০০০ |
| চাঁদা প্রাপ্তি<br>২০১৪ ৩,০০০<br>২০১৫ ৯০০০০<br>২০১৬ ২,৫০০ | ৯৫,৫০০ | ১০% বিনিয়োগ (১-৪-১৫) | ২৫,০০০ |
| | | ছাপা ও মনিহারি | ৬,৫০০ |
| | | খেলাধুলার সরঞ্জাম ক্রয় | ১০,০০০ |
| প্রবেশ ফি | ২,৫০০ | | |
| লকার ভাড়া | ৪,০০০ | বিবিধ খরচ | ৯,০০০ |
| বার্ষিক ভোজের চাঁদা | ২৫,০০০ | বার্ষিক ভোজ খরচ | ১৮,০০০ |
| | | নাটক মঞ্চায়ন খরচ | ২০,০০০ |
| | | আসবাবপত্র ক্রয় | ১৫,০০০ |
| | | সমাপনী নগদ তহবিল | ১২,৫০০ |
| | ১,৩৬,০০০ | | ১,৩৬,০০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ক্লাবের ৫০০ জন সদস্য আছে এবং প্রত্যেকে বার্ষিক ২০০ টাকা করে চাঁদা প্রদান করে। বিগত বছরের চাঁদা ২,০০০ টাকা এখনও বকেয়া রয়েছে।
(২) ১-১-২০১৫ তারিখে ক্লাবের সম্পত্তি ও দায়সমূহ ছিল; আসবাবপত্র ৫০,০০০ টাকা, খোলাধুলার সরঞ্জাম ৬,০০০ টাকা, বকেয়া ভোজ খরচ ৩,০০০ টাকা।
(৩) আসবাবপত্রের ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।
করণীয় ঃ- (ক) চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ নির্ণয় কর।
(খ) আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।
(গ) ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
উত্তর: (ক) চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ ১০,০০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ৬০,৩৭৫ টাকা; (গ) প্রারম্ভিক মূলধন তহবিল ৬৭,০০০ টাকা।

১৫। উষা জাগরণী সংঘ-এর ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রস্তুতকৃত প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [সি.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত | ৮,৫০০ | কর্মচারীদের বেতন | ১০,৩০০ |
| চাঁদা | | ক্লাব ঘর ভাড়া | ১০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| ২০১৪ ৭০০<br>২০১৫ ৫৪০০০<br>২০১৬ ৩০০ | ৫৫,০০০ | খেলাধোলার সরঞ্জাম<br>(০১-০৭-১৫ তারিখে ক্রীত) | ২০,০০০ |
| উইলকৃত ধন-দৌলত | ৪৫,৫০০ | পুস্তক ক্রয় | ১৫,০০০ |
| অনুদান | ৬,০০০ | খাদ্যসামগ্রী ও পানীয় ক্রয় | ৭,৮০০ |
| খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় | ২৫,০০০ | ১০% ঋণপত্র ক্রয় | ৪০,০০০ |
| চারণ কর | ৪,২০০ | | |
| বৃত্তি তহবিল | ৫,০০০ | বার্ষিক ক্রীড়া বাবদ ব্যয় | ২৮,৮০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয়<br>(ক্রয়মূল্য ৫০০ টাকা) | ৮০০ | বৃত্তি প্রদান | ৪,৫০০ |
| | | সমাপনী নগদ উদ্বৃত্ত | ১৩,৬০০ |
| | ১,৫০,০০০ | | ১,৫০,০০০ |

| সমন্বয় : | ১-১-২০১৫ | ৩১-১২-২০১৫ |
|---|---|---|
| খেলাধোলার সরঞ্জাম | ২০,০০০ | ? |
| আসবাবপত্র | ১৮,০০০ | ? |
| খাদ্যসামগ্রী ও পানীয় মজুদ | ১,৮০০ | ২,৩০০ |
| বকেয়া ভাড়া | ১,০০০ | ১,৮০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) অনুদানের অর্ধাংশ ও উইলকৃত ধন-দৌলতের এক-চতুর্থাংশ মুনাফাজাতীয় আয় হিসেবে ধরতে হবে।
(২) আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্তের ওপর ১০% এবং খেলাধোলার সরঞ্জামের ওপর ১৫% অবচয় ধরতে হবে।
(৩) ক্লাবের মোট সদস্য ৬০০ জন। যাদের বার্ষিক চাঁদার হার জনপ্রতি ১০০ টাকা। ২০১৪ সালের মোট অনাদায়ি চাঁদার পরিমাণ ১,২০০ টাকা।
করণীয় ঃ- (ক) খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় হতে অর্জিত মুনাফা নির্ণয় কর।
(খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
(গ) ক্লাবের আর্থিক অবস্থার বিবরণীর সম্পদ পার্শ্ব দেখাও।
উত্তর: (ক) খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় হতে মুনাফার পরিমাণ ১৭,৭০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৪৮,৫০০ টাকা; (গ) মোট সম্পদ ১,৩২,৬৫০ টাকা।

১৬। সূর্যমুখী ক্লাবের ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব এবং অন্যান্য তথ্যাবলি নিচে দেওয়া হলো; [ব.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-৭-১৪) | ৮,৫৩০ | ভাড়া | ১৭,৮০০ |
| চাঁদা | ৩০,০০০ | মনিহারি | ২,৫৩০ |
| প্রবেশ ফি | ৫০০ | বিদ্যুৎ খরচ | ৫৭০ |
| সরকারি অনুদান | ১০,০০০ | পাওনাদার পরিশোধ | ১,৫০০ |
| ১০% ঋণ<br>(১-৯-১৪ গৃহীত) | ১২,০০০ | ঋণের সুদ প্রদান | ৮০০ |
| পুরাতন<br>সাময়িকী বিক্রয় | ৪৭০ | খেলার সামগ্রী ক্রয় | ১৪,০০০ |
| আসবাবপত্র<br>বিক্রয় | ৮,০০০ | বই ক্রয় | ১৫,৫০০ |
| | | আপ্যায়ন খরচ | ১,৬১০ |
| | | উদ্বৃত্ত(৩০-৬-১৫) | ১৫,১৯০ |
| | ৬৯,৫০০ | | ৬৯,৫০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ২০১৪ সালের ১ জুলাই তারিখে সম্পদ সমূহ নিম্নরূপ; আসবাবপত্র ৩০,০০০ টাকা, বই ৪০,০০০ টাকা, অনাদায়ি চাঁদা ২,০০০ টাকা।
(২) বিগত বছরের ভাড়া ৩০০ টাকা এ বছর পরিশোধ করা হয়েছে, পক্ষান্তরে চলতি বছরের ভাড়া ৫০০ টাকা এখন ও অপরিশোধিত রয়েছে।
(৩) চলতি বছরের চাঁদা অনাদায়ি রয়েছে ৩,০০০ টাকা, পক্ষান্তরে পরবর্তী সনের চাঁদা অগ্রিম পাওয়া গেছে ১,৫০০ টাকা।
(৪) বিক্রীত আসবাবপত্রের ক্রয়মূল্য ১০,০০০ টাকা। আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্তের ওপর ১০% অবচয় ধরতে হবে।
করণীয় ঃ- (ক) প্রারম্ভিক মূলধন তহবিলের পরিমান নিরূপণ কর।
(খ) ২০১৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের একটি আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।
(গ) উক্ত তারিখে ক্লাবের একটি উদ্বর্তপত্র প্রস্তুত কর।
উত্তর: (ক) প্রারম্ভিক মূলধন তহবিল ৭৮,৭৩০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ২,৭৬০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,০৫,৬৯০ টাকা।

১৭। রাজাপুর যুব সংঘের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিচে প্রদত্ত হলো; [দি.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৫) | ৩,৫০০ | বেতন | ২৪,০০০ |
| চাঁদা<br>২০১৪ ২০০০<br>২০১৫ ৩৫৫০০<br>২০১৬ ১৫০০ | ৩৯,০০০ | মনিহারি<br>খাদ্যসামগ্রি ও পানীয়<br>কর ও অভিকর | ৪,৫০০<br>২১,৫০০<br>৪,০০০ |
| অনুদান প্রাপ্তি | ১৫,০০০ | আসবাবপত্র ক্রয় | ২৮,০০০ |
| খাদ্যসামগ্রী ও পানীয় বিক্রয় | ৩৫,০০০ | উদ্বৃত্ত (৩১-১২-১৫) | ১৬,০০০ |
| প্রবেশ ফি | ৫,০০০ | | |
| পুরাতন খবরের কাগজ বিক্রয় | ৫০০ | | |
| | ৯৮,০০০ | | ৯৮,০০০ |

২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ ও দায়ের পরিমাণ নিম্নরূপ ছিল; আসবাবপত্র ৩,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৪০,০০০ টাকা এবং খাদ্যসামগ্রি ও পানিয় ৮,৫০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বার্ষিক চাঁদার হার ১০০ টাকা করে ৪৫ জন সদস্যের নিকট হতে এ বছরের চাঁদা এখন ও পাওয়া যায়নি। (২) বেতন বাবদ ৩,০০০ টাকা, খাদ্যসামগ্রী ও পানীয় বাবদ ২,০০০ টাকা এখনও বকেয়া রয়েছে।

(৩) ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে অব্যবহৃত মনিহারি দ্রব্যাদির পরিমাণ ১,৫০০ টাকা ছিল এবং ৩১ ডিসেম্বর তারিখে অব্যবহৃত মনিহারি দ্রব্যাদি ২,৭০০ টাকা মূল্যায়ন হয়েছে। অধিকন্তু চলতি বছরে মনিহারি দ্রব্যাদি বাবদ ২,০০০ টাকা এখনও পরিশোধ করা হয়নি।

(৪) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে খাদ্যসামগ্রী ও পানীয় মজুদ ৬,৫০০ টাকায় মূল্যায়ন করা হয়।

(৫) বার্ষিক কর ও অভিকরের পরিমাণ ৪,০০০ টাকা, প্রত্যেক বছর কর ও অভিকর পরবর্তী বছরের ৩১ মার্চ পর্যন্ত অগ্রিম পরিশোধ করা হয়।

করণীয় ঃ- (ক) খাদ্যসামগ্রী ও পানীয় হতে কত টাকা লাভ বা ক্ষতি হয়েছে তা নির্ণয় কর।

(খ) ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।

(গ) বছর শেষে ক্লাবের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর।

উত্তর: (ক) খাদ্যসামগ্রী ও পানীয় হতে লাভ ৯,৫০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ২৪,৭০০ টাকা; (গ) মোট সম্পদের পরিমাণ ১,০৭,৭০০ টাকা।

১৮। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরে মিতালী যুব সংঘের প্রাপ্তি প্রদান হিসাব নিচে প্রদত্ত হলো; [য.বো. ২০১৬]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-১৫) | ১৫,০০০ | ভাড়া | ২৪,০০০ |
| প্রবেশ ফি | ৫,০০০ | বেতন | ৪৮,০০০ |
| চাঁদা | ৮০,০০০ | আসবাবপত্র ক্রয় (১-১-২০১৫) | ৫০,০০০ |
| অনুদান | ১,০০,০০০ | | |
| আপ্যায়ন থেকে প্রাপ্তি | ২৫,০০০ | খেলাধুলার সরঞ্জাম ক্রয় (১-৭-২০১৫) | ৬৮,০০০ |
| | | বকেয়া মজুরি | ৭,০০০ |
| | | মনিহারি | ৮,০০০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-১৫) | ২০,০০০ |
| | ২,২৫,০০০ | | ২,২৫,০০০ |

২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখ মিতালী যুব সংঘের অন্যান্য সম্পত্তি ও দায়ের পরিমাণ ছিল নিম্নরূপ; আসবাবপত্র ২৫,০০০ টাকা, খেলাধুলার সরঞ্জাম ৩০,০০০ টাকা, বকেয়া চাঁদা ২০,০০০ টাকা, অগ্রিম চাঁদা ৫,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ১,০০০ টাকা মূল্যের মনিহারি অব্যবহৃত আছে।

(২) প্রবেশ ফি ৫০% এবং অনুদানের ৪০% মুনাফাজাতীয় ব্যয় ধরতে হবে।

(৩) স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধার্য করতে হবে।

(৪) চলতি বছরসহ সকল বকেয়া চাঁদা আদায় হয়েছে।

করণীয় ঃ-

(ক) চলতি হিসাবকালে চাঁদা বাবদ রাজস্ব কত তা নির্ণয় কর।

(খ) ১-১-২০১৫ তারিখে মূলধন তহবিল নির্ণয় কর।

(গ) আয়-ব্যয় হিসাব প্রস্তুত কর।

উত্তর:

(ক) চলতি হিসাবকালে চাঁদা বাবদ রাজস্ব ৬৫,০০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৭৮,০০০ টাকা; (গ) আয় উদ্বৃত্ত ৩৯,৬০০ টাকা।

১৯। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কুমিল্লা ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে প্রদত্ত হলো; [ঢা.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | পরিশোধ সমূহ | টাকা |
|---|---|---|---|
| ব্যালেন্স (১-১-২০১৪) | ১২,০০০ | প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ খরচ | ৪,০০০ |
| চাঁদা | ৪৬,০০০ | বার্ষিক সাধারণ সভায় খরচ | ৫,০০০ |
| ব্যাডমিন্টন ফিস | ৫,০০০ | | |
| ক্যারামবোর্ড ফিস | ৪,০০০ | মনিহরি ক্রয় | ২,০০০ |
| আজীবন | ১০,০০০ | বস্ত্র বিতরণ | ৩,০০০ |
| সদস্যের চাঁদা | | বেতন ও বোনাস | ১৫,০০০ |
| হলঘর ভাড়া প্রাপ্তি | ১০,০০০ | প্রাঙ্গন উন্নয়ন | ১০,০০০ |
| | | বিলিয়ার্ড টেবিল ক্রয় (১-৭-১৪) | ২০,০০০ |
| আপ্যায়ন হতে মুনাফা | ৬,০০০ | ব্যালেন্স (৩১-১২-২০১৪) | ৩৪,০০০ |
| | ৯৩,০০০ | | ৯৩,০০০ |

২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে সম্পত্তি ছিল; প্রাঙ্গণ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা ও দালান ১,০০,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) প্রাপ্ত চাঁদার মধ্যে বিগত বছরের বকেয়া চাঁদা আদায় ৫,০০০ টাকা। পরবর্তী বছরের চাঁদা প্রাপ্তি ১,০০০ টাকা, পক্ষান্তরে চাঁদা এখনও বকেয়া আছে (চলতি বছরে) ২,০০০ টাকা।

(২) ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে আসবাবপত্র উদ্বৃত্ত ছিল ১৫,০০০ টাকা।

করণীয় ঃ-

(ক) ২০১৪ সালের চাঁদা বাবদ কত টাকা আয় হয়েছে তা নির্ণয় কর।

(খ) ২০১৪ সালের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

(গ) ব্যয়াতিরিক্ত আয় ৩৩,০০০ টাকা এবং প্রারম্ভিক মূলধন তহবিল ১,৮৭,০০০ টাকা ধরে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বৃত্তপত্র প্রস্তুত করো।

উত্তর:

(ক) ২০১৪ সালের চাঁদা আয় ৪২,০০০ টাকা; (খ) মুনাফা জাতীয় ব্যয় ৩৪,০০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৩১,০০০ টাকা।

২০। ক্রিসেন্ট ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [রা.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (০১-০১-১৪) | ১৬,৫০০ | বেতন | ৭,৫০০ |
| | | সাধারণ খরচ | ৮৫০ |
| চাঁদা- ২০১৩ ৫০০, ২০১৪ ১২৪০০, ২০১৫ ৬০০ | ১৩,৫০০ | আসবাবপত্র (০১-০৭-১৪) | ৪,০০০ |
| | | নাটক খরচ | ২,৫০০ |
| | | স্থায়ী আমানত | ৮,৫০০ |
| অনুদান | ৭০০ | মনিহারি | ১,৫০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | ২৫০ | উদ্বৃত্ত (৩১-১২-১৪) | |
| নাটকের টিকিট বিক্রয় | ১০,০০০ | হাতে নগদ | ১৩,৬০০ |
| | | ব্যাংকে জমা | ২,৭৫০ |
| বিনিয়োগের সুদ | ২৫০ | | |
| | ৪১,২০০ | | ৪১,২০০ |

২০১৪ সালের ১ জানুয়ারি ক্লাবের নিম্নোক্ত সম্পত্তি ও দায়সমূহ ছিলঃ

আসবাবপত্র ১০,০০০ টাকা, যন্ত্রপাতি ১২,০০০ টাকা, দালানকোঠা ২৪,৫০০ টাকা, ব্যাংক ঋণ ৬,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৫,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) বেতন ২,০০০ টাকা বকেয়া ছিল।

(২) ২০১৪ সালের চাঁদা অনাদায়ি আছে ২,৫০০ টাকা।

(৩) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করো।

করণীয় ঃ-

(ক) সমাপনি চলতি সম্পত্তি ও চলতি দায় নির্ণয় করো।

(খ) প্রারম্ভিক মূলধন নির্ণয় করো।

(গ) সমাপ্ত বছরের জন্য আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো।
উত্তর:
(ক) সমাপনী চলতি সম্পত্তি ১৯,১০০ টাকা চলতি দায় ২,৬০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৬২,৫০০ টাকা; (গ) ব্যয়াতিরিক্ত আয় ১০,১০০ টাকা।

২১। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ওল্ড ফ্রেন্ডস ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নে দেওয়া হল; [চ.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত (১-১-২০১৩) | ২,৫০০ | বেতন | ২,৪০০ |
| | | ভাড়া | ২,০০০ |
| প্রবেশ ফি | ১,৮০০ | মজুরি | ২,৮০০ |
| চাঁদা | ১০,৫০০ | আসবাবপত্র ক্রয় (১-৭-১৩) | ১,০০০ |
| আপ্যায়ন থেকে মুনাফা | ৫০০ | | |
| | | মেরামত | ৩০০ |
| বিনিয়োগের সুদ | ২০০ | বিবিধ খরচ | ৩৭০ |
| | | উদ্বৃত্ত (৩১-১২-১৩) | ৬,৬৩০ |
| | ১৫,৫০০ | | ১৫,৫০০ |

২০১৩ সালের ১ জানুয়ারি ক্লাবের সম্পদ ছিল; খেলার মাঠ ৩০,০০০ টাকা, বিনিয়োগ ১০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ৪,৫০০ টাকা এবং আসাবাবপত্র ২,৫০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) মেরামত খরচের ৩৫ টাকা বিগত বছরের, চলতি বছরের বকেয়া ৫০ টাকা আছে।
(২) প্রদত্ত মজুরির ১২৫ টাকা বিগত বছরের, চলতি বছরের বকেয়া আছে ১৫০ টাকা।
(৩) প্রাপ্ত চাঁদার মধ্যে ৫০০ টাকা বিগদ বছরের; ৮৫০ টাকা পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদা ১,২৫০ টাকা অনাদায়ী রয়েছে।
(৪) আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করো।
(৫) প্রবেশ ফি মুনাফাস্বরূপ গণ্য করতে হবে।
করণীয় ঃ-
(ক) চলতি সালের মোট চাঁদার পরিমাণ নির্ণয় করো।
(খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো।
(গ) ব্যয়াতিরিক্ত আয় ৪,৬৯০ টাকা হলে ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো।
উত্তর:
(ক) চলতি বছরের মোট চাঁদার পরিমাণ ১০,৪০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৪৯,৮৪০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৫৫,৫৮০ টাকা।

২২। স্টেশন ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [কু.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| নগদ উদ্বৃত্ত | ১২,০০০ | বেতন খরচ | ১২,০০০ |
| চাঁদা | ৪০,০০০ | ভাড়া খরচ | ২৪,০০০ |
| উইলকৃত ধনদৌলত | ২০,০০০ | ম্যাগাজিনে ছাপানো ব্যয় | ৩,০০০ |
| অনুদান | ৪,০০০ | প্রাঙ্গণ রক্ষকের মজুরি | ২,৩০০ |
| ম্যাগাজিনে বিজ্ঞাপন বাবদ আয় | ২,০০০ | | |
| | | বই ক্রয় (০১-০৯-১৪) | ১৮,০০০ |
| বৃত্তি তহবিল (বিশেষ) | ৫,০০০ | বৃত্তি প্রদান | ৪,০০০ |
| | | ঘাসকাটা যন্ত্র ক্রয় | ৫,০০০ |
| আজীবন সভ্যের চাঁদা | ২,০০০ | | |
| | | আসবাবপত্র ক্রয় | ১৮,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় (০১-০১-১৪ তারিখে ক্রয়মূল্য ছিল ৬০০০ টাকা) | ৫,০০০ | | |
| | | নগদ উদ্বৃত্ত | ৩,৭০০ |
| | | | |
| | | | |
| | | | |

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | ৯০,০০০ | | ৯০,০০০ |

১ জানুয়ারি ২০১৪ তারিখে ক্লাবের সম্পদসমূহ যথাক্রমে; আসবাবপত্র ২৫,০০০ টাকা, ১০% বিনিয়োগ ৪০,০০০ টাকা এবং লাইব্রেরী বইপত্র ৪৮,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) প্রাপ্ত চাঁদার অন্তর্ভুক্ত ১,৫০০ টাকা বিগত বছরের বকেয়া ছিল।
(২) উইলকৃত ধন-দৌলতের ১/৪ অংশ মুনাফা জাতীয় প্রাপ্তি হিসেবে গণ্য করতে হবে।
(৩) আসবাবপত্র ও বইপত্রের উপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে।
করণীয় ঃ- (ক) মূলধন জাতীয় আয়ের দফাসমূহ টাকা পরিমাণসহ লিখ।
(খ) আসবাবপত্র ও বইপত্রের ওপর ধার্যকৃত অবচয়ের পরিমাণ খসড়াসহ দেখাও।
(গ) ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো।
উত্তর: (ক) মূলধন জাতীয় আয় ৩১,০০০ টাকা; (খ) আসবাবপত্রের অবচয় ৩,৭০০ টাকা এবং বইপত্রের অবচয় ৫,৪০০ টাকা; (গ) প্রারম্ভিক মূলধন তহবিল ১,২৬,৫০০ টাকা।

২৩। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের টাউন ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপ; [সি.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত ১-১-১৪ | ১১,০০০ | বেতন | ১৮,০০০ |
| চাঁদা | ৪৬,০০০ | প্রাঙ্গণ রক্ষাণাবেক্ষণ | ১২,০০০ |
| অনুদান | ২৩,০০০ | | |
| বিজ্ঞাপন প্রাপ্তি | ২,৮০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ১০,০০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ | প্রাঙ্গণ কর | ৮০০ |
| উইলকৃত ধন-দৌলত | ১০,৪০০ | মেরামত খরচ | ৩,৪০০ |
| | | মুদ্রণ খরচ | ৯,৫০০ |
| জলযোগ হতে এুনাফা | ৩,৬০০ | বাইসাইকেল | ২৪,০০০ |
| | | উদ্বৃত্ত ৩১,১২,১৪ | ২০,৬০০ |
| | ৯৮,৩০০ | | ৯৮,৩০০ |

২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে ক্লাবের অন্যান্য সম্পদ ছিল নিম্নরূপ; ভূমি ও দালানকোঠা ২,৪০,০০০ টাকা, ১২% বিনিয়োগ ৬০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং সঞ্চিতি তহবিল ১৬,৫০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) মোট প্রাপ্ত চাঁদার মধ্যে বিগত বছরের ১,০০০ টাকা এবং পরবর্তী বছরের ১,৪০০ টাকা অন্তর্ভুক্ত রয়েছে।
(২) ২০১৩ সালের বকেয় বেতন ১,৩০০ টাকা এ বছরে পরিশোধ করা হয়েছে। কিন্তু চলতি বছরের বেতন ১,৭০০ টাকা অপরিশোধিত রয়েছে।
(৩) আসবাবপত্রের ওপর বার্ষিক ১০% অবচয় ধরতে হবে।
করণীয় ঃ- (ক) প্রারম্ভিক সম্পত্তি ও প্রারম্ভিক দায়সমূহের সমষ্টি নির্ণয় করো।
(খ) টাউন ক্লাবের ২০১৪ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো।
(গ) উক্ত তারিখে টাউন ক্লাবের মোট সম্পত্তি ও দায়ের পরিমাণ নির্ণয় করো।
উত্তর: (ক) প্রারম্ভিক সম্পত্তি ৩,৪২,০০০ টাকা এবং প্রারম্ভিক দায় ১৭,৮০০ টাকা; (খ) ব্যয়াতিরিক্ত আয় ১০০ টাকা; (গ) আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৭৭,৩০০ টাকা।

২৪। সোনালী ক্লাব-এর ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [ব.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| উদ্বৃত্ত(১-১-১৪) | ৩০,০০০ | বেতন | ১৯,৫৫০ |
| চাঁদা<br>২০১৩ ৪০০<br>২০১৪ ২১১০০<br>২০১৫ ৮০০ | ২২,৩০০ | মনিহারি | ৩,৭৫০ |
| | | বৈদ্যুতিক সংস্থাপন ব্যয় | ৬,২৫০ |
| | | টেলিফোন | ১,২৫০ |
| আপ্যায়ন হতে মুনাফা | ১৫,৭৫০ | ৪% বিনিয়োগ | ১০,০০০ |
| | | আসবাবপত্র ক্রয় | ২০,০০০ |
| চারণ কর | ১৫,০০০ | বিবিধ খরচ | ৮,৫০০ |
| অনুদান | ২০,০০০ | উদ্বৃত্ত (৩১-১২-১৪) | ৩৭,৭৫০ |
| বিনিয়োগের সুদ | ৪,০০০ | | |
| | ১,০৭,০৫০ | | ১,০৭,০৫০ |

সমন্বয় সমূহ ঃ- (১) ক্লাবের ২৫০ জন সদস্য, তারা প্রত্যেকে বার্ষিক ১০০ টাকা করে চাঁদা প্রদান করে। ১-১-২০১৪ তারিখে অগ্রিম চাঁদার পরিমাণ ছিল ১,০০০ টাকা।
(২) ৩১-১২-২০১৩ তারিখে ১,০০০ টাকা এবং ৩১-১২-২০১৪ তারিখে ১,৮০০ টাকার মনিহারি উদ্বৃত্ত ছিল।
(৩) টেলিফোন বিল ৭০০ টাকা প্রদেয় আছে এবং বিগত বছরের বিবিধ খরচ ১,৪০০ টাকা চলতি বছর পরিশোধ করা হয়েছে।

(৪) ১-১-২০১৪ তারিখে ৪% বিনিয়োগ ১,০০,০০০ টাকা এবং দালানকোঠা ১,০০,০০০ টাকা ছিল। দালানকোঠার উপর ৫% হারে অবচয় ধার্য করতে হবে।
(৫) অনুদানের ৫০% মুনাফাজাতীয় প্রাপ্তি বলে ধরতে হবে।
করণীয় ঃ-
(ক) ১-১-২০১৪ তারিখে ক্লাবটির প্রারম্ভিক দায়ের পরিমাণ নির্ণয় করো।
(খ) ৩১-১২-২০১৪ তারিখে ক্লাবের আয়-ব্যয় হিসাবের আয় পার্শ্বের সমষ্টি নির্ণয় করো।
(গ) ৩১-১২-২০১৪ তারিখে ক্লাবের মোট সম্পত্তি নির্ণয় করো।
উত্তর:
(ক) প্রারম্ভিক দায়ের পরিমাণ ২,৪০০ টাকা; (খ) মোট আয়ের সমষ্টি ৬৯,৭৫০ টাকা; (গ) মোট সম্পত্তির পরিমাণ ২,৭৩,৭০০ টাকা।

২৫। নিম্নে তরুণ ক্লাবের ৩১ ডিসেম্বর, ২০০৭ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব দেয়া হল; [দি.বো. ২০১৫]

| প্রাপ্তি সমূহ | টাকা | প্রদান সমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক উদ্বৃত্ত | ১৫,০০০ | বেতন (২/৩) | ৬,০০০ |
| চাঁদা-২০০৬ | ৮০০ | সাধারণ খরচ | ৮,০০০ |
| চাঁদা-২০০৭ | ২০,০০০ | পৌরকর | ৬০০ |
| চাঁদা-২০০৮ | ৯০০ | দান খয়রাত | ২,৫০০ |
| অনুদান | ৫,০০০ | ৬% সিকিউরিটি ক্রয় | ২০,০০০ |
| টিকিট বিক্রয় | ১০,০০০ | বিদ্যুৎ খরচ | ১,৫০০ |
| পুরাতন কাগজ বিক্রয় | ৫০০ | সমাপনি উদ্বৃত্ত | ১৩,৬০০ |
| | ৫২,২০০ | | ৫২,২০০ |

অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ক্লাবের মোট সদস্য ৫০০ জন যাদের প্রত্যেকে বাৎসরিক চাঁদা দেয় ৫০ টাকা করে।
(২) পৌরকর বাৎসরিক ৬০০ টাকা যা পরিশোধ করা হয়েছে ৩১ শে মার্চ ২০০৮ সাল পর্যন্ত।
(৩) দালানের মূল্য ৫০,০০০ টাকা অবচয়ের হার ৫%।
(৪) সিকিউরিটি ৬ মাসের সুদ বকেয়া রয়েছে।
করণীয় ঃ-
(ক) মোট বেতনের পরিমাণ কত?
(খ) তরুণ ক্লাবের প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় করো।
(গ) উদ্বৃত্তপত্রের সম্পদ পাশের দফা সমূহের যোগফল নির্ণয় কর।
উত্তর:
(ক) মোট বেতন ৯,০০০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৬৫,৯৫০ টাকা; (গ) মোট সম্পদ ৮৬,৮৫০ টাকা।

২৬। কুমিল্লা স্টেশন ক্লাবের ২০১৪ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব নিম্নরূপ; [য.বো. ২০১৫]

| প্রাপ্তিসমূহ | টাকা |
|---|---|
| প্রারম্ভিক হাতে নগদ | ২,০৫০ |
| চাঁদা ২০১৩ ৮০ | |
| ২০১৪ ৪,২২০ | |
| ২০১৫ ১৬০ | ৪,৪৬০ |
| অনুদান | ৬,০০০ |
| চা-চক্র হতে আয় | ৩,১০০ |
| বিনিয়োগের সুদ | ১,৫০০ |
| | ১৭,১১০ |
| প্রদান সমূহ : | |
| বেতন | ৪,০০০ |
| এনিহারি | ৮০০ |

| | |
|---|---|
| অভিকর | ১,৬০০ |
| টেলিফোন বিল | ৩০০ |
| আসবাবপত্র | ২,০০০ |
| ১০% বিনিয়োগ | ২,৫০০ |
| বিবিধ খরচ | ১,০০০ |
| ব্যালেন্স সি/ডি | ৪,৯০০ |
| | ১৭,১১০ |

২০১৪ সালের ১ জানুয়ারি নিম্নোক্ত উদ্বৃত্ত পাওয়া যায়; ১০% বিনিয়োগ ৪,০০,০০০ টাকা, ভূমি ও দালানকোঠা ১,৫০,০০০ টাকা, আসবাবপত্র ৫,০০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি ঃ- (১) ক্লাবের মোট সদস্য সংখ্যা ৪৫০ জন এবং প্রত্যেকের বার্ষিক চাঁদার হার ১০ টাকা।
(২) ভূমি ও দালানকোঠার ওপর ৫% অবচয় ধার্য করতে হবে।
করণীয়ঃ-(ক)ক্লাবের চলতি বছরের বকেয়া চাঁদার পরিমাণ নির্ণয় কর।
(খ) ক্লাবের মূলধন তহবিল নির্ণয় করো।
(গ) ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের সমাপ্ত বছরের জন্য ক্লাবের আয়-ব্যয় বিবরণী তৈরি করো।
উত্তর: (ক) বকেয়া চাঁদা ২৮০ টাকা; (খ) প্রারম্ভিক মূলধন তহবিল ৫,৫৭,১৩০ টাকা; (গ) ব্যয়াতিরিক্ত আয় ৩২,৪০০ টাকা।

## অধ্যায়-০১: গুরুত্বপূর্ণ বহুনির্বাচনি

১. কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান হতে এককালীন যে অর্থ পাওয়া যায়, তাকে কী বলে ?
ক. চাঁদা
খ. অনুদান✓
গ. প্রবেশ ফি
ঘ. অডিট ফি

২. প্রারম্ভিক সম্পত্তি ও দায়: নগদ তহবিল ১২,০০০ টাকা; দালানকোঠা ৫০,০০০ টাকা; আসবাবপত্র ৩০,০০০ টাকা; প্রদেয় বেতন ৬,০০০ টাকা; অনাদায়ী চাঁদা ১০০ টাকা; প্রাপ্য ভাড়া ১৪,০০০ টাকা; লাইব্রেরী পুস্তক ২,০০০ টাকা। মূলধন তহবিলের পরিমাণ কত টাকা ?
ক. ৪৫,০০০ টাকা
খ. ৫৬,০০০ টাকা

গ. ১,০২,০০০ টাকা
ঘ. ১,০২,১০০ টাকা✔
৩. নিচের কোনটি মুনাফাভোগী অব্যবসায়ী প্রতিষ্ঠান ?
ক. প্রকৌশলিদের ফার্ম✔
খ. সিটি ডেন্টাল কলেজ
গ. ল্যাব এইড হাসপাতাল
ঘ. ঢাকা মেডিকেল
৪. অব্যবসায়ী প্রতিষ্ঠানে নির্দিষ্ট খরচের বিপক্ষে যে তহবিল তৈরি করা হয় তার নাম কী ?
ক. মূলধন তহবিল
খ. বিশেষ তহবিল✔
গ. খরচ তহবিল
ঘ. সঞ্চিত তহবিল
৫. চলতি সালের বকেয়া আয় কোথায় লিপিবদ্ধ হয় ?
ক. মূলধন তহবিল নির্ণয়
খ. প্রাপ্তি-প্রদান হিসাবে
গ. আর্থিক অবস্থার বিবরণীতে✔
ঘ. লাভ-ক্ষতি বণ্টন হিসাবে
৬. মনিহারি ক্রয় ৫,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ১,০০০ টাকা, সমাপনী মজুদ ২,০০০ টাকা, ব্যবহৃত মনিহারির পরিমান কত টাকা?
ক. ৩,০০০ টাকা
খ. ৪,০০০ টাকা✔
গ. ৫,০০০ টাকা
ঘ. ৬,০০০ টাকা
৭. কোনটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন জাতীয় প্রাপ্তি ?
ক. চাঁদা প্রাপ্তি
খ. লকার ভাড়া প্রাপ্তি
গ. পুরাতন সম্পদ বিক্রয়✔
ঘ. বিনিয়োগের সুদ প্রাপ্তি
৮. প্রাপ্তি-প্রদান হিসাবের বহির্ভূত লেনদেন কোনটি ?
ক. সকল প্রকার নগদ প্রাপ্তি
খ. সকল প্রকার নগদ পরিশোধ
গ. চলতি ও বিগত বছরের প্রাপ্তি ও প্রদান
ঘ. বকেয়া লেনদেন✔
৯. প্রদত্ত বেতন ১৫,০০০ টাকা, চলতি বছরের বকেয়া বেতন ৫,০০০ টাকা এবং পরবর্তী বছরের জন্য অগ্রিম বেতন ৩,০০০ টাকা হলে বেতন বাবদ খরচ কত টাকা ?
ক. ৭,০০০ টাকা
খ. ১৩,০০০ টাকা
গ. ১৭,০০০ টাকা✔
ঘ. ২৩,০০০ টাকা
১০. খাদ্যসমাগ্রীর প্রারম্ভিক উদ্বৃত্ত ৪০,০০০ টাকা, ক্রয় ২,০০০ টাকা এবং সমাপনী মজুদ উদ্বৃত্ত ২,০০০ টাকা আয়-ব্যয় হিসেবে কত টাকা দেখাবে ?
ক. ২,০০০ টাকা
খ. ৪,০০০ টাকা
গ. ৪০,০০০ টাকা✔
ঘ. ৪২,০০০ টাকা
১১. মূলধন তহবিল থেকে কোনটি বিয়োগ করা হয় ?
ক. আয়াতিরিক্ত ব্যয়✔
খ. সমাপনী নগদ উদ্বৃত্ত
গ. মোট আয়
ঘ. চাদা
১২. একটি উকিল সংঘের সদস্য সংখ্যা ২০০ জন। মাসিক চাঁদার হার ২০ টাকা। চলতি বছরে ১০ জন সদস্য ৩ মাসের চাঁদা প্রদান করেনি। তাহলে আয়-ব্যয় বিবরণীতে চাঁদা বাবদ কত টাকা দেখাতে হবে ?
ক. ৪৮,০০০ টাকা✔
খ. ৪৫,৬০০ টাকা
গ. ৪০,৮০০ টাকা
ঘ. ৭,২০০ টাকা
১৩. পুরাতন সম্পদ বিক্রয়ের লাভ কী ধরনের আয় ?
ক. মুনাফা জাতীয় আয়
খ. মুনাফা জাতীয় প্রাপ্তি
গ. মুলধন জাতীয় প্রাপ্তি
ঘ. মুলধন জাতীয় আয়✔
১৪. শাপলা ক্লাবের কর ও অভিকর ৭,৫০০ টাকা ১৫ মাসের জন্য দেয়া আছে। আয়-ব্যয় হিসাবে কত টাকা দেখাতে হবে ?
ক. ৭,৫০০ টাকা
খ. ৭,৩০০ টাকা
গ. ৭,২০০ টাকা
ঘ. ৬,০০০ টাকা✔
১৫. প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয়ের ক্ষেত্রে প্রাপ্তি-প্রদান হিসাব হতে নিচের কোনটি গ্রহণ করতে হয় ?
ক. প্রারম্ভিক হাতে নগদ ✔
খ. সমাপনী উদ্বৃত্ত
গ. চাঁদা
ঘ. কমিশন

১৬. অব্যবসায়ী প্রতিষ্ঠানের কার্য পরিচালনার নিট আয়কে কী বলা হয় ?
ক. আয়ের অতিরিক্ত ব্যয়
খ. ব্যয়ের অতিরিক্ত আয়✔
গ. নিট লাভ
ঘ. নিট ক্ষতি
১৭. অব্যবসায়ীদের প্রতিষ্ঠানকে সাধারণত কয় ভাগে ভাগ করা যায় ?
ক. ২ ভাগে✔
খ. ৩ ভাগে
গ. ৪ ভাগে
ঘ. ৫ ভাগে
১৮. অনুদান ১,২০,০০০ টাকা। অনুদানের পাঁচ-দশমাংশ মুনাফা জাতীয়। তাহলে মূলধন জাতীয় কত টাকা ?
ক. ১,২০,০০০ টাকা
খ. ৬০,০০০ টাকা✔
গ. ৫০,০০০ টাকা

ঘ. ৭৫,০০০ টাকা

১৯. অব্যবসায়ী প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদকে কার নিকট জবাবদিহি করতে হয় ?
ক. মালিকের
খ. সরকারের
গ. সদস্যগণের✓
ঘ. আদালতের

২০. মূলধন তহবিলে অন্তর্ভূক্ত থাকে-
i. প্রারম্ভিক সম্পদ
ii. গত বছরের বকেয়া আয়
iii. গত বছরের বকেয়া খরচ
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓

২১. অব্যবসায়ী অমুনাফাভোগী প্রতিষ্ঠানের আয়ের উদাহরণ হলো-
i. চাঁদা
ii. অনুদান
iii. পরামর্শ ফি
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓

২২. পরবর্তী বছরের চাঁদা প্রাপ্তি সমন্বয়ে বলা থাকলে-
i. চাঁদার সাথে বিয়োগ হবে
ii. উদ্বর্তপত্রে দায় হিসেবে দেখাতে হবে
iii. উদ্বর্তপত্রের সম্পদ হিসেবে দেখাতে হবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii✓ (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. বিগত বছরের বকেয়া খরচ চলতি বছরেও অপরিশোধিত থাকলে-
i. সংশ্লিষ্ট খরচের সাথে যোগ
ii. মূলধন তহবিল দায়
iii. উদ্বর্তপত্রে দায়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii✓ (ঘ) i, ii ও iii

২৪. প্রারম্ভিক দায় হলো-
i. বিগত বছরের বকেয়া বেতন
ii. বিগত বছরের বকেয়া চাঁদা আয়
iii. বিগত বছরের বকেয়া মনিহারি
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii✓
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. প্রাপ্তি ও প্রদান হিসাবের অন্তর্ভূক্ত থেকে বিরত-
i. বকেয়া আয়
ii. বকেয়া ব্যয়
iii. অনাদায়ী আয়
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
সেবার জন্য আমরা ক্লাবের সদস্য সংখ্যা ৪০ জন। প্রত্যেকের বার্ষিক চাঁদার পরিমাণ ১,০০০ টাকা। প্রাপ্তি-প্রদান হিসাবে চলতি বছরের চাঁদার পরিমাণ ৪২,০০০ টাকা যার মধ্যে আগামী বছরের চাঁদা অগ্রিম পাওয়া গেছে ১২,০০০ টাকা।

২৬. চলতি বছর অনাদায়ী চাঁদার সদস্য সংখ্যা কত ?
ক. ১০ জন
খ. ১২ জন
গ. ৪০ জন✓
ঘ. ৪২ জন

২৭. উপর্যুক্ত অগ্রিম চাঁদা প্রাপ্তির ফলে ব্যবসায়ের-
i. মূলধন তহবিল বৃদ্ধি পাবে
ii. সম্পদ বৃদ্ধি পাবে
iii. দায় বৃদ্ধি পাবে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii ✓ (ঘ) i, ii ও iii

▶ নিচের উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।
একটি অব্যবসায়ী প্রতিষ্ঠানের প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট চাঁদা ৮৫,০০০ টাকা। বিগত বছরের প্রাপ্ত চাঁদা ৮,০০০ টাকা ও পরবর্তী বছরের প্রাপ্ত চাঁদা ৫,০০০ টাকা উক্ত চাঁদার মধ্যে অর্ন্তভূক্ত রয়েছে। বিগত বছরের অনাদায়ী চাঁদা ছিল ১০,০০০ টাকা।

২৮. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে আয়-ব্যয় হিসাবে চাঁদা কত ?
ক. ৯৫,০০০ টাকা
খ. ৯০,০০০ টাকা
গ. ৮৫,০০০ টাকা
ঘ. ৭২,০০০ টাকা✓

২৯. বিগত বছরের অনাদায়ী চাঁদা দেখাতে হবে-
i. মূলধন তহবিল সম্পদ ১০,০০০ টাকা
ii. উদ্বর্তপত্রে সম্পদ ২,০০০ টাকা
iii. চাঁদার সাথে বিয়োগ ৮,০০০ টাকা
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii✓

▶ নিচের উদ্দীপকটি পড়ে ৩০ ও ৩১ নং প্রশ্নের উত্তর দাও।
কাকলী ক্লাব বছরে খাদ্য ও পানীয় দ্রব্য ক্রয় করেছে ১০,০০০ টাকা এবং বিক্রয় করেছে ২৫,০০০ টাকা, খাদ্য সামগ্রী ও পানীয় দ্রব্যের প্রারম্ভিক মজুদ ২,০০০ টাকা এবং সমাপনী মজুদ আছে ৩,০০০ টাকা।

৩০. বছরে ব্যবহৃত খাদ্য সামগ্রী ও পানীয় দ্রব্য বাবদ কত টাকা দেখাতে হবে ?

ক. ৮,০০০ টাকা
খ. ১১,০০০ টাকা
গ. ৯,০০০ টাকা✓
ঘ. ১৭,০০০ টাকা

৩১. খাদ্য সমাগ্রী ও পানীয় ক্রয়-বিক্রয় হতে মুনাফা বাবদ কত টাকা দেখাতে হবে ?

ক. ১৫,০০০ টাকা
খ. ১৬,০০০ টাকা✓
গ. ১৭,০০০ টাকা
ঘ. ১৮,০০০ টাকা